গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।
www.dss.bancharampur.brahmanbaria.gov.bd

নম্বরঃ ৪১.০১.১২০৪.০০০.০০০.১৬.০০০১.২৬.১২৫ তারিখঃ ২১ জুলাই ২০২৬

## বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" এর আলোকে দেশব্যাপী আগামী "১ আগস্ট ২০২৬-১৪ সেপ্টেম্বর ২০২৬ "পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে বাঞ্ছারাপমপুর উপজেলায় তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োগ করা হবে। আগ্রহীদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্রম. ন. | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|
| ০১ | সুপার ভাইজার | ১. প্রার্থীকে ন্যূনতম ব্যাচেলর ডিগ্রী পাস বা সমমান পাস হতে হবে।<br>২. বয়স : ২৫ থেকে ৪৫ বছর (শুমারি তারিখে)।<br>৩. প্রার্থীকে ট্যাবলেট/ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা - পরীক্ষায় ৮০%+নম্বর।<br>৪. সংশ্লিষ্ট তথ্য সংগ্রহ এলাকার ভৌগলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান।<br>৫. দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা।<br>৬. শারীরিকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত। | সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি |
| ০২ | তথ্য সংগ্রহকারী | ১. প্রার্থীকে ন্যূনতম HSC পাস বা সমমান পাস হতে হবে।<br>২.বয়স : ১৮ থেকে ৪০ বছর (শুমারি তারিখে)।<br>৩.প্রার্থীকে ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর।<br>৪.সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ওই এলাকা সম্পর্কে ভালো জ্ঞান।<br>৫.বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম।<br>৬.শারীরিকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত। | সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি |

আবেদন ফরম প্রপ্তির স্থান: ক) উপজেলা সমাজসেবা কার্যালয়, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া ও উক্ত কার্যালয়ের ওয়েব সাইটে পাওয়া যাবে লিংক https://dss.bancharampur.brahmanbaria.gov.bd

আবেদন ফরম দাখিলের স্থান: উপজেলা সমাজসেবা কার্যালয়, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।

### আবেদন ফরম বিতরণ, দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচিঃ

| ক্রমিক নম্বর | আবেদন ফরম বিতরণের তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় | ব্যবহারিক পরীক্ষার সম্ভব্য সময় |
|---|---|---|---|
| ০১ | ২১/০৭/২০২৬খ্রিঃ হতে ২৬/০৭/২০২৬খ্রিঃ সকাল ৯.০০টা থেকে দুপুর ১২.৩০টা পর্যন্ত | ২১/০৭/২০২৬খ্রিঃ হতে ২৬/০৭/২০২৬খ্রিঃ সকাল ৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত | ২৮/০৭/২০২৬ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা |

**শর্তাবলীঃ**

১। তথ্য সংগ্রহকারীগণ শুমারী চলাকালীন বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।
২। ফ্যামিলি কার্ড শুমারী চলাকালীন প্রতিদিন নুন্যতম ০৮ ঘন্টা তথ্য সংগ্রহ করতে হবে।
৩। তথ্য প্রযুক্তি বিষয়ে দক্ষ হতে হবে।
৪। কোনক্রমেই ভুল তথ্য এন্ট্রি দেওয়া যাবে না।
৬। সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পর্ণরুপে রক্ষা বাধ্যতামূলক।
৬। ট্যাবলেট সযত্নে রক্ষণ করতে হবে। অবহেলায় ক্ষতি হলে ক্ষতিপূরণ প্রযোজ্য।
৭। কোন পরিবারকে ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেওয়া বা ভয় দেখানো সম্পূর্ণ নিষিদ্ধ।
৮। ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিল ও আইনি ব্যবস্থা নেওয়া হবে।
৯। সরকারি বা আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত কেউ আবেদন করতে পারবে না।
১০। পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত ব্যক্তি এবং ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত হইলে আবেদন গ্রহণযোগ্য হবে না।
১১। ইতিপূর্বে যারা বিভিন্ন জরিপ কাজে অংশগ্রহণ করেছেন তাদের অগ্রাধিকার দেওয়া হবে।
১২। কমপক্ষে ৫০% নারী গণনাকরী নিয়োগ করা হবে।

২৭/০৭/২৬

তারিকুল ইসলাম
উপজেলা নির্বাহি অফিসার
ও
সভাপতি
তথ্য সংগ্রহের জন্য স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া

CamScanner